

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বর্ষান্ত্র উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা শিক্ষাক্রমের ২য় পর্ব (২০২৫-২৬ শিক্ষাবর্ষ), ৩য় পর্ব (২০২৪-২৫ শিক্ষাবর্ষ), ৫ম পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) ও ৭ম পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ)-এর শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিমিত্ত 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা-২০২৩' এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

নির্দেশনা-১

১.১ সম্প্রতি কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের অওতাভুক্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অজ্ঞাতনামা ব্যক্তি ফোনকল বা অনলাইন মাধ্যমে প্রত্যাহারমূলকভাবে নিজেদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে বিভিন্ন ধরনের হুমকিপত্র ও প্রাতিষ্ঠানিক তথ্য (ফোন- উপবৃত্তি সংক্রান্ত তথ্য, আইডি, পাসওয়ার্ড, OTP ইত্যাদি) সংগ্রহের চেষ্টা করছে। এই ধরনের ফোনকল বা অনলাইন বার্তা সম্পূর্ণ ভুল ও প্রত্যাহারমূলক। কারিগরি শিক্ষা অধিদপ্তর কোনোভাবেই ফোনকল, এসএমএস, হোয়াটসঅ্যাপ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পাসওয়ার্ড, OTP, আইডি বা গোপনীয় তথ্য সংগ্রহ করে না। এমতাবস্থায়, প্রতিষ্ঠানের User ID, Password ও OTP এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

১.২। অতঃপর-

- ✓ এ ধরনের ফোনকল বা বার্তায় কোনো তথ্য প্রদান করা থেকে বিরত থাকতে হবে;
- ✓ যদি কেউ এই ধরনের ঘটনার সন্দেহিত হন, তবে তাৎক্ষণিকভাবে নিকটস্থ বানায় জিডির মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে হবে;
- ✓ কারিগরি শিক্ষা অধিদপ্তর উপবৃত্তি সেলের অফিসিয়াল ফোন+৮৮০২২২৩-৩৭৪২৪০/ই-মেইল stipend.dte@gmail.com এর মাধ্যমে যোগাযোগ করে;
- ✓ ধানায় জিডি করার পর কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর এবং দুটি আকর্ষণ - ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর উল্লেখ করে কারণ ব্যাখ্যা করে জিডির কপি, প্রতিষ্ঠান প্রদানের এনআইডি, মোবাইল নং, প্রতিষ্ঠান কোড ও ইআইআইএন (EIIN) সহ stipend.dte@gmail.com এ আবেদন প্রেরণ করতে হবে। আবেদনটি অবশ্যই DTE Stipend MIS এ উল্লিখিত মেইল এড্রেস থেকে প্রেরণ করতে হবে।
- ✓ ডিবিহাতে এ ধরনের প্রত্যাহারমূলক কার্যক্রম প্রতিরোধে সকলকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।
- ✓ পরবর্তীতে উপবৃত্তি সংক্রান্ত ডাটা এন্ট্রি/সংশোধনের সময় অনুমোদিত সকল শিক্ষার্থীর একাউন্ট নম্বর যাচাই করে দেখতে হবে এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

নির্দেশনা-২

২.১। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী বাছাইয়ে অনুসরণীয় ধাপসমূহ:

- ক) সকল নিয়মিত শিক্ষার্থীর নিকট থেকে আবেদন আঙ্গান করে প্রতিষ্ঠান প্রধান বিজ্ঞপ্তি প্রকাশ করবেন;
- খ) প্রতিষ্ঠান প্রধান সকল বিভাগীয় প্রধানদের নিয়ে সভা করে যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের প্রক্রিয়া বুঝিয়ে দিবেন এবং শিক্ষকদের মধ্যে দায়িত্ব বন্টন করবেন;
- গ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর (যারা ইতিপূর্বে উপবৃত্তি পায় নাই) মাধ্যমে SAF (Student Application Form) পূরণ করিয়ে নিতে হবে (জন্ম নিকটন সনদ নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভেরিফাইড, পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড, মোবাইল ফটো/নাম অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাইড এবং সক্রিয় হতে হবে এছাড়া শিক্ষার্থীর হস্তিরা সংক্রান্ত বিভাগীয় প্রধানের প্রত্যয়ন, অভিভাবকের আয় সংক্রান্ত সনদ এবং বিগত প্রেরিত ফলাফলের প্রমাণকসহ);
- ঘ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ শিক্ষার্থী কর্তৃক (নতুন ও পুরাতন) পূরণকৃত সকল তথ্য জমাকৃত ডকুমেন্টের সাথে মিলিয়ে দেখে সংশোধনের ব্যবস্থা নিয়ে নতুন ফরমের SAF (Student Application Form) (যে DTE Website এর উপবৃত্তি কর্তারে বেওয়া আছে)-